৭১

দৈনিক ইত্তেফাক

তারিখ 27 JAN 1996
পৃষ্ঠা ৩ কলাম ২

## বহু বিদ্যালয়ে বোর্ডের সার্কুলার উপেক্ষা

# এসএসসি পরীক্ষার ফরম পূরণকালে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ

আসন্ন এসএসসি পরীক্ষার ফরম পূরণে সরকার নির্ধারিত অঙ্ক অপেক্ষাও কয়েকগুণ বেশি অর্থ দেশের বিভিন্ন বিদ্যালয়ে আদায় করা হইতেছে। এবিষয়ে অনুসন্ধানে জানা যায়, শিক্ষকদের বোর্ড অফিসে যে অসহ্য হয়রানি করা হয় উহার জের মিটাইবার জন্যই প্রধানত এই ব্যবস্থা। খবর ইত্তেফাকের সংবাদদাতাদের।

**রামগঞ্জ (লক্ষ্মীপুর) ঃ** আসন্ন এসএসসি পরীক্ষায় ফরম পূরণ করিতে রামগঞ্জ, রামগতি ও চাটখিল শহরসহ থানার বিভিন্ন স্থানে সরকারী-বেসরকারী হাইস্কুল কর্তৃপক্ষ শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত ফি অপেক্ষা কয়েকগুণ বেশী আদায় করিতেছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। ইতিমধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের এস এস সি পরীক্ষায় ফি নির্ধারণ করিয়া এতদসংক্রান্ত সার্কুলার প্রতিটি স্কুলে প্রেরণ করিয়াছে। সেই মোতাবেক সাধারণ বিজ্ঞান বিভাগে নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য যথাক্রমে ৫৪০ টাকা ও ৬১৫ টাকা

(৯ম পৃঃ দ্রঃ)

## বহু বিদ্যালয়ে বোর্ডের

(৩য় পৃঃ পর)

এবং সমাজ বিজ্ঞান বিভাগ নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের যথাক্রমে ৫০০ টাকা হইতে ৫৭৫ টাকা করিয়া পরীক্ষার ফি প্রদান করার কথা, মন্ত্রণালয়ের এ নির্দেশ অমান্য করিয়া বিভিন্ন স্কুল কর্তৃপক্ষ পরীক্ষার ফরম পূরণ করার সময় ৬ মাসের অগ্রিম বেতন, সেশন চার্জ, কোচিং, প্রবেশপত্র, সনদপত্র প্রশ্নপত্র, মার্কশিট, ক্রস ফি, খেলাধুলা ফি, কল্যাণ ফি, মিলাদে, স্কুল উন্নয়ন, প্রভৃতি ফি বাবদ ছাত্রছাত্রীদের নিকট হইতে ৮০০ হইতে ২৫০০ টাকা পর্যন্ত আদায় করিতেছে। যাহার কোন রশিদ দেওয়া হয় না। দরিদ্র অভিভাবকদের এই টাকা যোগাড় করিতে হিমশিম খাইতে হয়।

কয়েকজন শিক্ষক-শিক্ষিকা জানান, বোর্ডে ও ঢাকা শিক্ষা অফিসে যাতায়াত খরচ ও দুর্নীতিপরায়ণ কতিপয় কর্মকর্তা ও কর্মচারীকে খুশী করিতে অতিরিক্ত ফি আদায় হইতে খরচ দেখান হয়।

**কালিয়া (নড়াইল)।।** কালিয়া থানার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে চলতি বছরের এস এস সি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় করা হইতেছে। পরীক্ষার্থী ও অভিভাবকদের অভিযোগে জানা যায়; এবার এস এস সি পরীক্ষার ফরম পূরণে স্কুল কর্তৃপক্ষ সাড়ে ৮ শত টাকা হইতে দেড় হাজার টাকা পর্যন্ত আদায় করিতেছে। পরীক্ষার নির্ধারিত ফি ছাড়াও স্কুলের উন্নয়ন, খেলাধুলা, মিলাদ, কোচিং ফি ও ৬ মাসের অগ্রিম বেতন ইত্যাদি মিলাইয়া এই অতিরিক্ত টাকা আদায় করা হইতেছে। অথচ বোর্ড কর্তৃপক্ষ এবার বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থীদের জন্য ৫৪০ টাকা ও মানবিক বিভাগের জন্য ৫ শত টাকা পরীক্ষার ফি নির্ধারণ করিয়াছেন।

**সাতক্ষীরা ঃ** সাতক্ষীরা জেলার সকল প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়গুলিতে ভর্তি এবং পরীক্ষার ফি ধার্যের ব্যাপারে সুনির্দিষ্ট কোন নিয়ম-নীতি না থাকায় অতিরিক্ত ফি ধার্যের কারণে সরকারী ও বেসরকারী প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়ে বাধ্যতামূলক শিক্ষা ব্যাহত হইতেছে। ভর্তির সময় মোটা অংকের অর্থ দাবী করার কারণে দরিদ্র ছেলে-মেয়েরা বিদ্যালয়ে ভর্তি হইতে পারিতেছে না।

**কাউখালী (পিরোজপুর)।।** থানার বিভিন্ন স্কুলে আসন্ন এসএসসি পরীক্ষার জন্য পরীক্ষার্থীদের নিকট হইতে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ পাওয়া যাইতেছে। বোর্ড কর্তৃক নির্ধারিত ফির চাইতে অধিক হারে কোন কোন স্কুলে তিনগুণ হারে টাকা আদায় করা হইতেছে। শিক্ষা মন্ত্রণালয় এসএসসি পরীক্ষার ফি নির্ধারণ করিয়াছে এবং এ ব্যাপারে এতদসংক্রান্ত সার্কুলার প্রতিটি স্কুলে প্রেরণ করিয়াছে। অথচ স্কুল কর্তৃপক্ষ এই সার্কুলারের প্রতি কোন তোয়াক্কা করিতেছে না বলিয়া প্রচুর অভিযোগ পাওয়া গিয়াছে।